

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর  
৬০, আশুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

পত্র নং-বাঃ স্কাঃ (সঃ উঃ ও স্বাস্থ্য)/১৮৯০(৩৫০)/২০২০

তারিখঃ

১৬ মার্চ ২০২১  
০২ চৈত্র ১৪২৭


### পরিপত্র

বিষয়ঃ করোনা ভাইরাস প্রতিরোধে মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং সতর্ক থাকা সম্পর্কীয়।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিককালে সকলের মধ্যে বিশেষ করে গ্রামাঞ্চলে মাস্ক এর ব্যবহারসহ অন্যান্য স্বাস্থ্যবিধি প্রতিপালনে কিছুটা শিথিলতা পরিলক্ষিত হচ্ছে। যার ফলশ্রুতিতে করোনা ভাইরাস সংক্রমণ হঠাতে করে বেড়ে যাওয়াতে করোনা সংক্রমণ রোধে সরকারি তরফ থেকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

করোনা ভাইরাস সংক্রমণ বৃদ্ধি পাওয়ায় কাব স্কাউট/স্কাউট/রোভার স্কাউট/ বয়স্ক নেতাদের সরকারি নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে মাস্ক পরিধান করা, ব্যক্তিগত সুরক্ষা, নিয়মিত হাত ধোয়া, জনবহুল এলাকা পরিহার করা ও সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

বাংলাদেশ স্কাউটস এর প্রধান জাতীয় কমিশনার মহোদয়ের নির্দেশনা অনুযায়ী এই পরিপত্র জারি করা হলো।

  
(আরশাদুল মুকাদ্দিস)  
নির্বাহী পরিচালক  
বাংলাদেশ স্কাউটস

#### বিতরণ : কার্যার্থে

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল ;
- ২। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, (সকল) জেলা/জেলা রোভার/রেলওয়ে জেলা, জেলা নৌ/জেলা এয়ার;
- ৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৪। সভাপতি/কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, (সকল) উপজেলা;

#### সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ২। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল;
- ৩। জেলা প্রশাসক (সকল) ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, (সকল) জেলা ও জেলা রোভার;

#### সদয় জ্ঞাতার্থে :

- ১। জনাব মোঃ আবুল কালাম আজাদ, সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
- ২। ড. মোঃ মোজাম্বেল হক খান, প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।